দৈনিক সংবাদ

তারিখ 05 FEB 1994
পৃষ্ঠা ৫ কলাম ৮

63

# পার্বত্যাঞ্চলের উপজাতীয়দের জন্য আরও ৪টি আবাসিক বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ

পার্বত্য এলাকার উপজাতীয় ছেলে-মেয়েদের মাঝে শিক্ষার সুযোগ বিস্তৃত করার লক্ষ্যে নতুন করে আরও ৪টি সরকারী আবাসিক বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে। পার্বত্য জেলাগুলোতে নতুন ৪টিসহ উপজাতীয়দের জন্যে চালু করা সরকারী আবাসিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়াবে ১০-এ। শিক্ষা বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্র জানায় নতুন ৪টি আবাসিক বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ব্যয় হবে ৬ কোটি টাকা। এডিপির ঋণ সহায়তায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড বিশেষ প্রকল্পের অধীনে এ ৪টি বিদ্যালয় স্থাপন করবে।